# 'জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ' কর্মসূচি

❖ <u>উদ্দেশ্য:</u> মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের প্রশিক্ষণ কার্যক্রম উন্নয়ন ও বৃত্তিমূলক আধুনিক প্রশিক্ষনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের (১৬-৪৫) দক্ষতা বৃদ্ধিকরণের লক্ষ্যে ৬৪ জেলার বিদ্যমান মহিলা প্রশিক্ষণ কেন্দ্রগুলোকে (WTC) আধুনিক এবং যুগোপযোগী প্রশিক্ষণের ব্যবস্থা করা।

- আত্মকর্মসংস্থান অথবা মজুরী ভিত্তিক কর্মসংস্থানের মাধ্যমে সম্মানজনক জীবিকায়ন নিশ্চিত করে মহিলাদের পরিবার ও সমাজের কার্যকর ক্ষমতায়ন নিশ্চিতকরণ;
- প্রশিক্ষণার্থীদের জীবিকা অর্জনের জন্য যুগোপযোগী, প্রয়োগমুখী ও বাজার চাহিদা ভিত্তিক মান সম্মত প্রশিক্ষণ প্রদান;
- অল্প সময়ে অধিক ব্যক্তিকে প্রশিক্ষণ প্রদান;
- বিভিন্ন সেবামূলক ও দক্ষতা ভিত্তিক পেশায় জেন্ডার সমতা প্রদান।

❖ <u>কর্মসূচি বাস্তবায়ন এলাকা:</u> মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন ৬৪ জেলার উপপরিচালকের কার্যালয়।

❖ <u>বাজেটের উৎস</u>: বাজস্ব বাজেট।

❖ <u>কর্মসূচির বিবরণ:</u>

- ২০১৪-১৫ অর্থবছর হতে প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে পরিচালন বাজেটের বিশেষ কার্যক্রম হিসেবে 'জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ' শীর্ষক কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে।
- সকল জেলায় নির্বাচিত ০৫ ট্রেডে (০৫ জন×৬৪ জেলা)= ৩২০ জন প্রশিক্ষক দ্বারা প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হয়।
- প্রতি অর্থ বছরে ৫টি ট্রেডে ৩ (তিন) মাস মেয়াদে ৪ ব্যাচে ৬৪ জেলায় মোট (৫টি ট্রেড×২০ জন×৪ ব্যাচ×৬৪ জেলা)= ২৫,৬০০ জন দুস্থ অসহায় নারীকে স্বাবলম্বীকরনে প্রশিক্ষন প্রদান করা হয়।
- মহিলা বিষয়ক অধিদপ্তরের পরিচালন ব্যয় হতে প্রশিক্ষণার্থীদের দৈনিক ১০০/- টাকা হারে ভাতা প্রদান করা হয়।

❖ <u>কর্মসূচির আওতায় পরিচালিত চলমান ট্রেডসমূহ:</u>

প্রতিটি জেলায় উপপরিচালকের কার্যালয়ে পরিচালিত প্রশিক্ষণ কেন্দ্রের জন্য স্থানীয় চাহিদার ভিত্তিতে 'স্থানীয় পর্যায়ে প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থী নির্বাচন কমিটি'র মাধ্যমে নির্বাচিত ০৫টি ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়। চলমান ট্রেডসমূহ:

১। ড্রেস মেকিংঅ্যান্ড টেইলারিং, ২।ফুড প্রসেসিং অ্যান্ড প্রিজারভেশন, ৩। মোবাইল ফোন সার্ভিসিং, ৪।সার্টিফিকেট-ইন-বিউটিফিকেশন, ৫।হর্টিকালচার নার্সারী/কিচেন গার্ডেনিং, ৬।কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন, ৭।ব্লক বাটিক অ্যান্ড প্রিন্টিং, ৮।বক্স মেকিং এন্ড প্যাকেজিং, ৯।সো-পিস এন্ড হ্যান্ডিক্রাফট মেকিং, ১০।সুঁচিশিল্প (হ্যান্ড এমব্রয়ডারী ও কারচুপি ওয়ার্ক), ১১।ব্যাগ মেকিং/ কাগজের ঠোংগা/শপিং ব্যাগ তৈরি, ১২। মাশরুম চাষ, ১৩। জুট প্রডাক্ট, ১৪। এমব্রয়ডারী মেশিন অপারেটর এন্ড মেইনটেনেন্স , ১৫। মোমবাতি তৈরি।

রেজিনা আরজু লাভলী
কর্মসূচি পরিচালক
'জীবিকায়নের জন্য প্রশিক্ষণ কর্মসূচি'
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

CamScanner